তারিখ ·· 25 MAY 2016 ···
পৃষ্ঠা ··· 4 ··· কলাম ·· 7 ···

সংবাদ

# ২৭ দিন পর যবিপ্রবিতে ক্লাস শুরু হচ্ছে ৩১ মে

যশোর অফিস

২৭ দিন পর আগামী ৩১ মে খুলছে যশোর বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি)। তবে এর আগের দিন ৩০ মে আবাসিক হল খুলে দেয়া হবে। মঙ্গলবার দুপুরে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. আবদুস সাত্তারের সভাপতিত্বে এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। চ্যান্সেলরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, সকল বিভাগের ডিন, চেয়ারম্যান, প্রভোস্ট, প্রক্টর, পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা) ও রেজিস্ট্রার উপস্থিত ছিলেন।

যবিপ্রবির সহকারী পরিচালক (জনসংযোগ) হায়াতুজ্জামান মুকুল জানান, সভায় সকলের মতামতের ভিত্তিতে ৩০ মে সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল খুলে দেয়া হবে এবং ৩১ মে সকল ক্লাস ও পরীক্ষা চালু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ৩৪তম রিজেন্ট বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ক্যাম্পাসে মিছিল, মিটিং, সভা ও সমাবেশ বন্ধ থাকবে।

শিক্ষার্থী ও কর্মচারীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে গত ৪ মে রিজেন্ট বোর্ডের সভায় বিশ্ববিদ্যালয়ের গ্রীষ্মকালীন ছুটি এগিয়ে আনা হয়। ওই সভায় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্সের শিক্ষার্থী নাসিরউদ্দিন বাদল ও নিরাপত্তা প্রহরী বদিউজ্জামান বাদলের স্থায়ী বহিষ্কারাদেশ বহাল রাখা হয়। এছাড়া মাইক্রো বায়োলজি বিভাগের কামরুজ্জামান কামাল ও জিইবিটি বিভাগের চতুর্থ বর্ষের রাশিদুজ্জামান রাজুনকে বিশ্ববিদ্যালয় থেকে এক বছরের জন্য বহিষ্কারের বদলে হল থেকে বহিষ্কার করা হয়।